



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)  
প্রশিক্ষণ-৩ শাখা  
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫  
www.napd.gov.bd



স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০১.০০২.১৭.২

তারিখ: ১ চৈত্র ১৪২৬

১৫ মার্চ ২০২০

বিষয়: “Environmental Issues of Project Management (4th Batch)”

শীর্ষক প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। বর্তমানে দেশের আর্থ সামাজিক উন্নয়ন লক্ষ্যমাত্রা Vision 2021 এবং Vision 2041 বাস্তবায়নের লক্ষ্যে দেশ আজ উন্নয়নের মহাসড়কে ধাবমান। এ লক্ষ্য পূরণের অন্যতম অনুষঙ্গ হলো কার্যকর প্রকল্প ব্যবস্থাপনা আর এ জন্য প্রয়োজন প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে সঠিক ও সুষ্ঠু জ্ঞান ও দক্ষতা। বর্তমানে প্রকল্পের সংখ্যা অধিকহারে বৃদ্ধি পাচ্ছে কিন্তু প্রকল্পের জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তার সংখ্যা বাড়ছে না। ফলে প্রকল্প যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। বর্তমানে এমন কোন অফিস বা কর্মকর্তা নেই যিনি কোন না কোনভাবে প্রকল্পের সাথে জড়িত নন, কিন্তু ডিপিপি প্রণয়ন সম্পর্কে অনেকের কোন ধারণাই নেই। সুষ্ঠু প্রকল্প ব্যবস্থাপনার অন্যতম অনুষঙ্গ হলো প্রকল্পের প্রয়োজনীয় পরিবেশগত জ্ঞান। কারণ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য উন্নয়নের সাথে সাথে তার টেকসই বাস্তবায়নের দিকেও লক্ষ্য রাখতে হবে। এ উদ্দেশ্যকে সামনে রেখে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি “Environmental Issues of Project Management” বিষয়ক একটি কার্যকর প্রশিক্ষণ কোর্স চালু করেছে। এরই ধারাবাহিকতায় “Environmental Issues of Project Management (4th Batch)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি আগামী ১৯-২৩ এপ্রিল, ২০২০ মেয়াদে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, কোর্সটি গত ০১-০৫ মার্চ, ২০২০ মেয়াদে অনুষ্ঠিত হবার কথা ছিল। কিন্তু অনিবার্য কারণ:বশত তা সম্ভব হয়নি। কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

১.	প্রশিক্ষণার্থীদের পর্যায়	Officers grade-9 and above of Govt. / Semi – Govt. and Autonomous bodies and Agencies involved in project preparation and planning
২.	কোর্সের উদ্দেশ্য	i. To have a better idea on environment and climate change and its impacts; ii. To share different environmental issues in project management; iii. To comprehend the process of different environmental clearance process in development projects ; iv. To understand the monitoring and auditing process of environmental impacts.
৩.	পাঠ্যসূচি	<b>Module 1: Basic Concepts of Environment and Climate Change</b> 1. Environment and Development: Concepts and Issues 2. National perspective to Environment and Climate Change 3. International Perspective to Environment and Climate Change 4. Mainstreaming climate change into planning 5. Economic Evaluation of Environmental Impacts for development project  <b>Module 2: Environmental issues in Project Management</b> 1. Environmental Policy, Rules and Regulations of Bangladesh 2. Environmental Clearance Process in Bangladesh 3. Environmental Impact Assessment (EIA) 4. Environmental Management Plan (EMP) 5. Incorporation of Environmental and Climate Change issues into DPP  <b>Module 3: Environmental Budgeting, Monitoring and Auditing</b> 1. Environmental Auditing and Monitoring 2. Environmental Budgeting
৪.	কোর্সের তারিখ ও সময়	১৯-২৩ এপ্রিল, ২০২০ (০৫ কর্মদিবস) প্রতিদিন সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০ পর্যন্ত
৫.	মনোনয়নের শেষ তারিখ	১৩ এপ্রিল, ২০২০


৬.	পাঠক্রমের প্রকৃতি	:	কোর্সটি অনাবাসিক
৭.	কোর্স ফি	:	জনপ্রতি ৮,০০০.০০ (আট হাজার) টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত), ‘মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি’ বরাবরে নগদ অথবা ফ্রসড চেকের মাধ্যমে কোর্স শুরুর পূর্বে বা কোর্স রেজিস্ট্রেশনের সময় প্রদেয়।
৮.	মনোনয়ন প্রেরণ	:	মহাপরিচালক, এনএপিডি অথবা নিয়ন্ত্রাঙ্ককারীর বরাবরে মনোনয়ন প্রেরণ করা যাবে। অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য একাডেমির ওয়েবসাইট <a href="http://www.napd.gov.bd">www.napd.gov.bd</a> -এ ফর্ম পূরণ করা যাবে।
৯.	প্রশিক্ষণার্থীর সংখ্যা	:	২৫ জন
১০.	কোর্সে যোগদান	:	মনোনীত কর্মকর্তাকে আগামী ১৯ এপ্রিল, ২০২০ তারিখ সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে একাডেমিতে রিপোর্ট করতে হবে।

১১. এখন প্রত্যেকটি অফিসই কোন না কোন প্রকল্পের কাজের সাথে যুক্ত কিন্তু অধিকাংশ কর্মকর্তার প্রকল্প জ্ঞান না থাকায় প্রকল্প সন্তোষজনকভাবে সমাপ্ত করা যায় না। তদুপরি বছরে ৬০ ঘণ্টার প্রশিক্ষণ নেয়ার একটি বাধ্যবাধকতা রয়েছে বিধায় অফিস প্রধান এ প্রশিক্ষণে কর্মকর্তার মনোনয়ন দিতে পারেন।

(১২) উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিয়ন্ত্রাঙ্ককারী বা কোর্স সমন্বয়কারী জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহযোগী প্রশিক্ষক, মোবাইলঃ ০১৬৮৮৭৩৮২৮৩ (ই-মেইল: [siraz04cu@gmail.com](mailto:siraz04cu@gmail.com)) বা এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি এপস (NAPD Apps গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করা যাবে) এ আসন্ন কোর্সসমূহ হতে “**Environmental Issues of Project Management**” কোর্সের “ENROLLMENT” বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	মোবাইল নং	ই-মেইল
--------	----------------------	-----------	--------

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



১৫-৩-২০২০

মৌফুল নাহার  
প্রশিক্ষক-২

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) রেস্তুর/মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থ
- ৪) জেলা প্রশাসক,
- চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/কিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/সুনামগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/বালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/কক্সবাজার
- ৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০১.০০২.১৭.২/১(৩৩)

তারিখ: ১ চৈত্র ১৪২৬

১৫ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ২) সকল কর্মকর্তা, এনএপিডি



১৫-৩-২০২০

মোঃ সিরাজুল ইসলাম  
সহযোগী প্রশিক্ষক-৩